

- ০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি প্রথম শ্রেণির কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে প্রেরণ করতে হবে:-
- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের /সাময়িক সনদপত্রের ছায়ালিপি (প্রশংসাপত্র/মার্কশিট গ্রহণযোগ্য নয়)।
- (খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঞ্জিন ছবি;
- (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি);
- (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের (যদি থাকে) সত্যায়িত কপি;
- (চ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে);
- (ছ) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী, উপজাতি এবং আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র অথবা মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সনদপত্র, লাল মুক্তিবর্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ, ভারতীয় তালিকা নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মুক্তিযোদ্ধার জন্ম তারিখ সংক্রান্ত প্রমাণকসহ দাখিল করতে হবে;
- (২) প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর মেয়র/কমিশনার/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত উত্তরাধিকারী সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৪। আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থী যে, ঠিকানায় পত্র পেতে ইচ্ছুক নামসহ সে ঠিকানা উল্লেখ পূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকাটিকেট যুক্ত (৯.৫×৪.৫) ইঞ্চি খাম সংযুক্ত করতে হবে;
- ০৫। পরীক্ষার ফি বাবদ ক্রমিক নম্বর ১-৩ পর্যন্ত ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নম্বর ৪-৬ পর্যন্ত ৫০ (পঞ্চাশ) টাকা ১-৬৩০১-০০০১-২০৩১ নম্বর কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ০৬। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন গ্রহণ করা হবে না।
- ০৭। আগামী ০১/০৪/২০১৬ তারিখে প্রার্থীর বয়স সীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
- ০৮। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়;
- ০৯। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে;
- ১০। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে এবং কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি করার ক্ষমতা সংকরক্ষণ করেন।
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১৩। কোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ/সুপারিশ/ভুল তথ্য প্রদান প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

(মো: এনায়েত উল্লাহ খান ইউছুফজী)

উপসচিব (প্রশাসন)

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।